গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ০৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত **বিশেষ সভার** কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ৪ জানুয়ারি ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । বিগত সভার সুপারিশ মোতাবেক "বেকারমুক্ত গ্রাম সৃজনের" লক্ষ্যে প্রণীত খসড়া প্রকল্প প্রস্তাব নিয়ে আলোচনা ও সুপারিশ গ্রহণের উদ্দেশ্যে অদ্যকার বিশেষ সভার আয়োজন করা হয়েছে বলে সভাকে জানান। তিনি আরও বলেন যে, যেহেতু প্রকল্পটির সারসংক্ষেপ প্রত্যেক সদস্যকে পূর্বেই প্রদান করা হয়েছে সেহেতু সকলের পক্ষে এ বিষয়ে মতামত প্রদান করা সহজ হবে। এ পর্যায়ে তিনি সকলকে মতামত প্রকাশের অনুরোধ জানালে উপস্থিত সদস্যগণ প্রকল্পটির অঙ্গ ভিত্তিক বিস্তারিত আলোচনা করে সুপারিশ প্রণয়ন করেন, যা নিম্নরূপঃ

নং	খসড়া প্রকল্পে যা বলা হয়েছে	আলোচনা	সুপারিশ
১	বেকার মুক্ত গ্রামসৃজন প্রকল্প	আলোচনা হয় যে, প্রকল্পটির নাম "বেকার মুক্ত গ্রাম সৃজনের মাধ্যমে উন্নত/সমৃদ্ধ গ্রাম সৃজন" বলা অধিকতর যৌক্তিক হবে ।	আলোচনা মাফিক সুপারিশ গ্রহণ করা
২	প্রতিগ্রামে সম্ভাব্য উপকারভোগীর সংখ্যা ৫০০জন	সভাপতি বলেন যে, ইতোপূর্বে সৃজিত গ্রাম ২টি এ সংখ্যা ২০০ জনের বেশী নয় । তবে বর্ণিত গ্রাম বাছাইয়ের ক্ষেত্রে সবচেয়ে ছোট গ্রামকে বাছাই করা হয়েছিল । সে বিবেচনায় সম্ভাব্য সংখ্যা ৪০০ জনের বেশী হওয়া উচিত হবে না । এ কর্মসূচী সুষ্ঠু বাস্তবায়ন ও উপজেলায় কর্মরত সকল দপ্তর/সংস্থা/এনজিও ও আর্থিক প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা প্রধানগণ সদস্য, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদস্যসচিব, উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে একটি কমিটি গঠন করা এবং স্থানীয় মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়াম্যানগণকে যথাক্রমে প্রধান উপদেষ্টা ও উপদেষ্টা হিসাবে কমিটিতে রাখার বিষয়ে আলোচনা হয়।	উপকারভোগীর সংখ্যা গড়ে ৪০০ নির্ধারণের সুপারিশ করা হয় এবং আলোচনা মাফিক কমিটি গঠনের সুপারিশ করা হয় ।
৩	গ্রাম নির্বাচনে নিয়ামকের বর্ণনা নাই	আলোচনা হয় যে, অপেক্ষাকৃত কম উন্নত গ্রাম বাছাইয়ের লক্ষ্যে অবশ্যই গ্রামটি উপজেলা সদর হতে নূ্যনতম ৫ কিঃমিঃ, পৌরসভার শেষ সীমা হতে ২ কিঃমিঃ এবং গ্রোথ সেন্টার হতে ২ কিঃমিঃ দূরে থাকা উচিত হবে ।	আলোচনা মাফিক গ্রাম নির্বাচনের নিয়ামক রাখার সুপারিশ করা হয় ।
৪	গ্রাম নির্বাচন	বর্ণিত নিয়ামকের ভিত্তিতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গ্রাম বাছাই করে উপজেলা পরিষদের মাসিক সভায় তা চূড়ান্ত করার ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়	আলোচনা মাফিক সুপারিশ গ্রহণ করা ।
৫	উপকারভোগীর বয়সসীমা	নির্বাচিত গ্রামে ১৮ হতে ৬০ বছর বয়সের কর্মক্ষম অথচ বেকার জনগোষ্টিকে উপকারভোগী হিসেবে চিহ্নিত করা উচিত হবে । এর মাধ্যমে সরকারের সকল দপ্তরের সহায়তা গ্রহণ করে একযোগে কাজ করা সহজতর হবে।	আলোচনা মাফিক ১৮-৬০ বছর বয়সের মানুষকে উপকারভোগী নির্বাচনের সুপারিশ করা হবে ।
৬	দুই মাসের জন্য জরীপ কপি নিয়োগ	আলোচনা হয় যে, শুধুমাত্র ২ মাসের জন্য জরীপকর্মী নিয়োগ করে এ ধরণের চ্যালেঞ্জিং কাজ সাধন করা দুরহ হবে । কাজেই প্রতিগ্রামে প্রকল্পকালীন সময়ের জন্য ঐ গ্রামের এইচএসসি পাশ বেকার যুবকে উন্নয়ন কর্মী হিসবে নির্বাচন করে কাজে লাগানো উচিত হবে। উন্নয়ন কর্মী সরাসরি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার তত্বাবধানে প্রকল্পের কর্মসূচি বাস্তবায়ন করবেন। তাকে প্রতি মাসে সন্তোষজনক কাজের ভিত্তিতে মাস শেষে নির্ধারিত পারিশ্রমিক প্রদান করা যেতে পারে ।	আলোচনা মাফিক একজন উন্নয়ন কর্মী নির্বাচন করার সুপারিশ করা হয় ।

৭	প্রতিগ্রামে ১ টি ক্লাবগঠন ও তার মাধ্যমে বৃক্ষরোপনের বিষয়ে বর্ণনা রয়েছে।	আলোচনা হয় যে, নির্বাচিত প্রত্যেক সদস্য অবশ্যই ক্লাবের সদস্য হবেন এবং ১৫ সদস্যের ১টি নির্বাহী কমিটি থাকবে। ক্লাবের কার্যক্রম সমবায় ভিত্তিতে পরিচালিত হবে। ক্লাবটিকে প্রকল্পের শেষ বছরে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন নিতে হবে। প্রকৃত পক্ষে ক্লাবটিই ঐ গ্রামে যাবতীয় কার্যাদি সম্পাদনে প্রত্যক্ষ ভূমিকা রাখবে। ক্লাবের মাধ্যমে ক্ষুদ্র সঞ্চয়কে উৎসাহিত করে একটি তহবিল গঠন করা হবে। এলক্ষ্যে প্রত্যেক সদস্য ক্লাব গঠনের ৪ মাস পর হতে সাপ্তাহিক ২০/- (বিশ) টাকা হারে ক্ষুদ্র সঞ্চয় জমা করবেন। সঞ্চয় সংরক্ষণের জন্য ব্যাংকে ১টি সঞ্চয়ী হিসাব যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। ক্লাবটি যেসকল বিশেষ কর্মকান্ড পরিচালনা করবে ; (ক) ক্ষুদ্র সঞ্চয় প্রতিগ্রামে প্রতিজন প্রতিসপ্তাহে ২০/-(বিশ) টাকা করে, যার পরিমান (সম্ভাব্য) ৪০০জন ×২০টাকা ×১৪৮সপ্তাহ=১১,৮৪০০০/- টাকা হতে পারে (খ) মাসিক সভা (গ) বার্ষিক সভা, ক্রীড়া ও বিচিত্রানুষ্ঠান (ঘ) বৃক্ষরোপণ ও সংরক্ষণ (ঙ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা (চ) স্যানিটারী ল্যাট্রিন বিতরণ (ছ) বায়োগ্যাস প্লান্ট স্থাপন (জ) স্বেচ্ছাসেবামূলক কর্মকান্ড পরিচালনা ইত্যাদি। প্রকল্প হতে সমর্থন প্রদানঃ (ক) অবকাঠামো নির্মাণ ২০,০০০/- টাকা (খ) ক্লাবের আসবাবপত্র ৭,০০০/- টাকা (গ) অনুদান (সন্তোষজনক সঞ্চয় আদায় ভিত্তিতে) ১,০০,০০০/- টাকা (ঘ) নিবন্ধনের ব্যবস্থাকরণ	আলোচনা মাফিক বরাদ্দ রাখার সুপারিম গৃহীত হয়।
৮	বিদ্যমান ঋণ কর্মসূচির মাধ্যমে সমর্থন দেয়ার প্রস্তাব রয়েছে।	আলোচনা হয় যে, বিদ্যমান ঋণ কর্মসূচীর মাধ্যমে খুব সামান্যই সমর্থন দেয়া সম্ভব হবে যার মাধ্যমে উদ্দেশ্য সাধন সম্ভব হবে না। কাজেই দপ্তরের বিদ্যমান পরিবার ভিত্তিক কর্মসূচীর আদলে গ্রুপভিত্তিক আলাদা ঋণ কর্মসূচির সমর্থন রাখার প্রয়োজন পড়বে। এ কর্মসূচির মাধ্যমে ৫টি কেন্দ্রের মাধ্যমে ২০০ জনকে সমর্থন দেয়ার ব্যবস্থা রাখার বিষয়ে আলোচনা হয়, বাকীদেরকে দপ্তরের বিদ্যমান এবং অন্যান্য দপ্তরের সহায়তা প্রদান করা যেতে পারে। এলক্ষ্যে প্রতিটি উপজেলায় ৬০.০০ লক্ষ টাকা ঋণ তহবিল প্রয়োজন পড়বে। আশা করা যায় আভিষ্ট গোষ্টি এ অর্থ ব্যবহার করে আয় সঞ্চারণকারী কর্মসূচিগ্রহণ করে আয় বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে সক্ষম হবে।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়।
৯	ঋণ সুবিধা গ্রহণকারীদের প্রশিক্ষণ	দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের অতিরিক্ত ঋণ ব্যবস্থাপনা বিষয়ে ৫ দিনে ২০ ঘন্টার প্রশিক্ষণের ব্যবস্থা রাখার প্রয়োজন পড়বে, এতে প্রতি ৫০ জনের ১টি কেন্দ্রের প্রশিক্ষণ খরচ ৫,০০০/-। এভাবে ১টি গ্রামে ৫,০০০×৫=২৫,০০০/- ১ম বছরের ১ম কোয়াটারে প্রয়োজন পড়বে।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়।
১০	উপজেলা ও জেলার জনবলের সমর্থন পেতে ভ্রমনভাতার সংস্থান রাখা	একাজে প্রত্যক্ষ ভূমিকা রাখার ক্ষেত্রে সমর্থন যোগানোর লক্ষ্যে প্রতি সি,এস এর জন্য প্রতিমাসে ৮০০/-, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার জন্য ১,২০০/- এবং জেলার কর্মকর্তাদের জন্য ২,৫০০/- বরাদ্দ রাখার বিষয়ে আলোচনা হয়	আলোচনা মাফিক মোট ২টি প্রশিক্ষণ কর্মসূচির সংস্থান রাখার সুপারিশ গৃহীত হয়।
১১	বাস্তবায়নকারী জনবলের প্রশিক্ষণ	ক. প্রকল্প শুরুতে সংশ্লিষ্ট জনবলকে ১দিনের আঞ্চলিক প্রশিক্ষণ/ওরিয়েন্টেশনের আয়োজন রাখা উচিত হবে বলে আলোচিত হয়। এলক্ষ্যে ৪/৫টি জেলার জনবলকে একস্থানে সমবেত করে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। খ. প্রকল্পের মাঝামাঝি সময়ে অনুরূপ আর ১দিনের প্রোগ্রাম আয়োজন করে অগ্রগতি পর্যালোচনা এবং পরবর্তী করনীয় নির্ধারনের প্রয়োজন পড়বে। এ ব্যাপারে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখা যেতে পারে।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়
১২	উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ	দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য ১০দিনের ৫০ঘন্টা প্রশিক্ষণের সুযোগ রাখার বিষয়ে আলোচনা হয়। প্রশিক্ষণার্থীর ভাতা দৈনিক ২০০/- হারে প্রদানের সুযোগ রাখা এবং সকলভাতা একীভূত করে ক্লাবের মাধ্যমে সমবায়ের ভিত্তিতে উৎপাদনমুলক ব্যবসায় বিনিয়োগের বিষয়ে আলোচনা হয়। তবে দৈনিক ২৫/- টাকা হারে নাস্তাবাবদ নগদ প্রদানের ব্যবস্থা রাখার বিষয়ে ও আলোচনা হয়। এই প্রক্রিয়ায় সদস্যগণের আয়বৃদ্ধির ব্যাপক সুযোগ সৃষ্টি হতে পারে।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়

১৩	--	ডাটাবেজ তৈরী ও সংরক্ষণের বিষয়ে খসড়ায় উল্লেখ না থাকলে ও অভিজ্ঞ গোষ্টির ডাইনামিক ডাটাবেজ তৈরী ও সংরক্ষণে বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। এ লক্ষ্যে ১টি সফটওয়্যার তৈরী, ডাটা এন্ট্রি ও প্রতি উপজেলায় ১ সেট কম্পিউটার সরবরাহের বিষয়ে আলোচনা হয়।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়
১৪	--	ঋণকার্যক্রম পরিচালনা রেকর্ডসংরক্ষণ ও রিপোটিং এর জন্য ঋণের ফরম এর রেজিষ্টার তৈরীর সমর্থন এবং উপজেলায় ১টি আলমীরা সংস্থান রাখার বিষয়ে আলোচনা হয়।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়
১৫	--	প্রকল্প সমাপনান্তে প্রকল্পের সমুদয় সম্পদ ও দায় রাজস্বখাতে স্থানান্তর/ এ জাতীয় নতুন প্রকল্পে স্থানান্তরের বিষয়ে আলোচনা হয়।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়
১৬	ষ্টাডিট্যুর	মোট ৫০ জন কর্মকর্তার ষ্টাডিট্যুরের সংস্থান রাখা হয়েছে। আলোচনা হয় যে এ সংখ্যা বাড়িয়ে অন্তত ১৩০ জনে উন্নীত করা প্রয়োজন ।	আলোচনা মাফিক সুপারিশ গৃহীত হয়
১৭	--	বর্ণিত সুপারিশগুলো প্রকল্পে অর্ন্তভূক্ত করে পরবর্তী প্রক্রিয়া গ্রহণ করতে ইনোভেশন সভা হতে বিশেষভাবে আহবান জানানো হয়। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ইনোভেশন টিমের বিশেষ সভার সমাপ্তি ঘোষনা করেন ।	

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬- ০৮ | তারিখঃ ২৮/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (পরিকল্পনা) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
০৩। জনাব--- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

২৮/০১/২০১৮
(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

০৪/০১/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ উপ-পরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (প্রোগ্রামার)	স্বাক্ষরিত
৩	জনাব এ কে এম মফিজুল ইসলাম উপ-পরিচালক(অর্থ ও অডিট)	স্বাক্ষরিত
৪	জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম উপ-পরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ হামিদুর রহমান উপ-পরিচালক (চঃদাঃ) (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপ-পরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত
৭	জনাব ফরহাত নূর উপ-পরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৮	জনাব মোঃ ফজলুল হক হিসাব রক্ষণ অফিসার	স্বাক্ষরিত
৯	জনাব মোঃ আতাউর রহমান সহকারী পরিচালক (শৃংখলা)	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ শাহীনূর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
১১	খন্দকার মোঃ রওনাকুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	স্বাক্ষরিত